

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
রমনা, ঢাকা।
publiclibrary.gov.bd

নং- ৪৩.২৬.০০০০.০০১.৩৫.৩৯৫.১৬-৪০৬

তারিখ: ৩১ শ্রাবণ ১৪৩৩
২৩ আগস্ট ২০২৬

## অফিস আদেশ

যেহেতু, আপনি জনাব মো: রাজীব হোসেন, বুকসর্টার, জেলা সরকারি গণগ্রন্থাগার, নড়াইল বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা'র গত ২০ এপ্রিল ২০২৬ তারিখের নং-৪৩.২৬.৪৭০০.০০০.০০০.০৪.০০০১.২৬.১৪০ সংখ্যক স্মারকের পত্রানুসারে ০৪ অক্টোবর-১৮ অক্টোবর ২০২৫ তারিখ পর্যন্ত ১৫ (পনেরো) দিনের চিকিৎসাজনিত ছুটি নেন এবং কর্মস্থলে যোগদান না করে গত ০৬ (ছয়) মাস যাবত আপনি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তৎপরিপ্রেক্ষিতে ৩১.০১.২০২৬ তারিখে আপনাকে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য সতর্কীকরণ পত্র প্রেরণ করা হলে, আপনার নিকট থেকে কোন জবাব পাওয়া যায়নি। কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে কর্মস্থলে ৬০ (ষাট) বা তদূর্ধ্ব দিন কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (গ) মোতাবেক 'পলায়ন' (Desertion) এর অভিযোগে বিভাগীয় মামলা নম্বর-০১/২০২৬ রুজু করা হয়; এবং

২। যেহেতু, জনাব মো: রাজীব হোসেন, বুকসর্টার-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নম্বর-০১/২০২৬ এর অভিযোগনামা ও অভিযোগ বিবরণী ১২.০৫.২০২৬ তারিখে আপনার বরাবর প্রেরণ করা হয়। আপনি উক্ত অভিযোগনামার কোন লিখিত জবাব প্রেরণ করেননি; এবং

৩। যেহেতু, জনাব মো: রাজীব হোসেন, বুকসর্টার এর নিকট থেকে জবাব না পাওয়ায় রুজুকৃত বিভাগীয় মামলা নম্বর-০১/২০২৬ এ আনীত অভিযোগের বিষয়ে তদন্তকার্য পরিচালনার জন্য ১৩.০৬.২০২৬ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্তকার্য সম্পাদন করে ০৬.০৭.২০২৬ তারিখে প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, জনাব মো: রাজীব হোসেন, বুকসর্টার সরকারের পূর্বানুমতি না নিয়ে তিনি বিদেশ অবস্থান করছেন এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (গ) মোতাবেক 'পলায়ন' (Desertion) এর অভিযোগ প্রমাণিত হয়েছে; এবং

৪। যেহেতু, জনাব মো: রাজীব হোসেন, বুকসর্টার-কে ২৭.০৭.২০২৬ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। আপনার নিকট থেকে ২য় কারণ দর্শানোর নোটিশেরও কোন জবাব পাওয়া যায়নি; এবং

৫। যেহেতু, জনাব মো: রাজীব হোসেন, বুকসর্টার-এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (গ) মোতাবেক পলায়ন (Desertion) এর অভিযোগে উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাকে **'চাকুরি হইতে বরখাস্তকরণ'** গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

৬। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (গ) বিধি অনুযায়ী পলায়ন এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক জনাব মো: রাজীব হোসেন, বুকসর্টার, জেলা সরকারি গণগ্রন্থাগার, নড়াইল-কে ০৪.১০.২০২৫ তারিখ হতে 'চাকুরি হইতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদান করা হলো।

(মনীষ চাকমা)
মহাপরিচালক
গণগ্রন্থাগার অধিদপ্তর
dg.dpl.2012@gmail.com

**জনাব মো: রাজীব হোসেন**
পিতা: মো: তাহাজ্জেল শিকদার
গ্রাম: বাশুয়াড়ী মধ্যপাড়া, ৪নং ওয়ার্ড
ডাকঘর: বাশুয়ারী (৭৪৬২)
ইউপি: শুভলাড়া, উপজেলা: অভয়নগর
জেলা: যশোর

Scanned with CamScanner

নং- ৪৩.২৬.০০০০.০০১.৩৫.৩৯৫.১৬-

তারিখ: ৩১ শ্রাবণ ১৪৩৩ / ২৩ আগস্ট ২০২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।

২। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

৩। সিনিয়র লাইব্রেরিয়ান, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা।

৪। লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, নড়াইল।

৫। অফিস কপি।

২৩/০৮/২০২৬

(মোঃ হারুনর রশীদ)
সহকারী পরিচালক
(প্রশাসন-২)
harunorrashid.cpl@gmail.com

Scanned with CamScanner